

# HEALTH AND RECOVERY PLANS (হেলথ এন্ড রিকভারি প্ল্যান)

হল Medicaid Managed Care (মেডিকেড ম্যানেজড কেয়ার) প্ল্যানসমূহ যা শারীরিক ও আচরণগত স্বাস্থ্য (মানসিক স্বাস্থ্য এবং মাদক সেবন) পরিচর্যা প্রদান করে।

একজন HARP সদস্য হিসেবে আপনার কাছে রয়েছে প্রদানকারীদের প্রবেশাধিকার যারা আচরণগত স্বাস্থ্য পরিচর্যায় অভিজ্ঞ। হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্টও আপনার সুস্থতার লক্ষ্য পূরণে সাহায্য করতে আপনার ও আপনার প্রদানকারী সঙ্গে কাজ করবে।

একজন HARP সদস্য হিসেবে আপনি নতুন ধরনের বিশেষ পরিষেবার জন্য যোগ্য হতে পারেন, এই নতুন ধরনের বিশেষ পরিষেবাকে বলা হয় Behavioral Health Home and Community Based Services (BH HCBS) (বিহেভিয়ারাল হেলথ হোম এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবা)। BH HCBS আপনাকে আপনার ব্যক্তিগত লক্ষ্যে পৌঁছাতে যেমন স্বাধীনভাবে বাঁচা বা কাজ বা স্কুলে ফিরে যাওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।*

*আপনি BH HCBS এর জন্য যোগ্য কিনা তার জন্য আপনাকে অবশ্যই একজন HARP সদস্য হতে হবে এবং একটি মূল্যায়ন সম্পূর্ণ করতে হবে।

হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্ট এবং BH HCBS Medicaid সুবিধাগুলি গ্রহণকারী সেইসব প্রাপ্তবয়স্কদের সহায়তা দেয় যাদের দীর্ঘস্থায়ী মানসিক অসুস্থতা, দুই বা ততোধিক দীর্ঘস্থায়ী অবস্থা এবং/অথবা মাদকাসক্তি জনিত সমস্যা আছে।

## হেলথ হোম কেয়ার ম্যানেজমেন্ট আপনাকে এইসব ক্ষেত্রে সাহায্য করতে পারবে:

- **সেবা প্রদানকারী খুঁজতে**
- **আপনার চিকিৎসার লক্ষ্য পূরণ করার ক্ষেত্রে সমস্যা মোকাবেলা করতে**
- **স্থায়ী আবাসন খুঁজতে**
- **কর্মসংস্থান বা প্রশিক্ষণের সুযোগ সম্পর্কে জানতে**
- **আপনার প্রদানকারীদের সঙ্গে যোগাযোগ করতে**
- **মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্ট গুলিতে সহযোগিতা করতে**
- **প্রয়োজনে, পরিবহন পেতে**
- **সঙ্কট প্রতিরোধ বা হস্তক্ষেপ পরিষেবা খুঁজতে**
- **স্বাস্থ্য সেবা এবং সমাজিক পরিষেবা ব্যবস্থা পেতে**

***এবং আরো...***

## পরিষেবা ব্যবহার

**ধাপ 1**
HARP এ নাম লেখানোর পর, আপনি ও আপনার কেয়ার ম্যানেজার আপনার লক্ষ্য নিয়ে আলোচনা করবেন।

**ধাপ 2**
আপনার লক্ষ্যগুলি পূরণে আপনাকে সহায়তা করার জন্য আপনারা একসঙ্গে একটি কেয়ার প্ল্যান তৈরি করতে পারেন।

**ধাপ 3**
আপনার কেয়ার ম্যানেজার আপনার বিমা কোম্পানির সঙ্গে অনুমোদনের জন্য এবং BH HCBS খুঁজতে যোগাযোগ করবেন।

**ধাপ 4**
আপনার কেয়ার ম্যানেজার আপনাকে প্রদানকারী নির্বাচন করতে ও অ্যাপয়েন্টমেন্ট স্থির করতে সাহায্য করেন।

**ধাপ 5**
আপনি ও আপনার প্রদানকারী একটি সার্ভিস প্ল্যান তৈরি করবেন যা আপনার লক্ষ্যগুলির সাথে মানানসই।

**ধাপ 6**
আপনার কেয়ার ম্যানেজার আপনার, আপনার প্রদানকারী(দের) এবং আপনার বিমা কোম্পানির সঙ্গে কাজ করা চালিয়ে যাবে।



# সুস্থ স্বাস্থ্যের জন্য পরিচর্যা বাছাই

## HARP কি আমার জন্য সঠিক পছন্দ?

আপনার মানসিক স্বাস্থ্য প্রদানকারী বা মাদকাসক্তির কাউন্সেলরের সঙ্গে HARP সম্পর্কে কথা বলুন। তারা আপনাকে আপনার নাম ইতিমধ্যেই নথিভুক্ত কিনা বা আপনি যোগ্য হলে কিভাবে নাম লেখাবেন তা সম্পর্কে জানতে সাহায্য করবেন।

### যোগ্যতা

HARP এ নাম নথিভুক্ত করতে গেলে আপনার বয়স 21 বা তার বেশী হওয়া আবশ্যক, শুধুমাত্র Medicaid এর থেকে বিমা থাকা, দীর্ঘস্থায়ী মানসিক অসুস্থতা বা মাদকাসক্তির সমস্যা থাকা, এবং Medicaid ম্যানেজড কেয়ারের জন্য যোগ্য হতে হবে।

HARP এর যোগ্যতা সম্পর্কে আরও তথ্যের জন্য বা নাম নথিভুক্ত করতে New York Medicaid Choice কে 1-855-789-4277 এ ফোন করুন।

কাউন্সেলর আপনাকে আপনার ভাষায় সাহায্য করবেন।

**TTY ব্যবহারকারী:**
1-888-329-1541

**সোমবার থেকে শুক্রবার:**
সকাল 8:30 থেকে রাত্রি 8টা

**শনিবার:**
সকাল 10টা থেকে সন্ধ্যা 6টা

**ইন্ডিপেন্ডেন্ট কনজিউমার অ্যাডভোকেসি নেটওয়ার্ক (Independent Consumer Advocacy Network, ICAN)** HARP এর জন্য যোগ্য বা এতে নথিভুক্ত গ্রাহকদের সহায়তার জন্য বিনামূল্যের, ব্যক্তিগত সহায়তা প্রদান করে। সংস্থাটি আপনাকে HARP আপনার জন্য সঠিক কিনা সেই সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে, আপনার সুবিধা সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে পারে, সংক্রান্ত ও তথ্য প্রদান করে এবং আপিল প্রক্রিয়াতে আপনার হয়ে ওকালতি করতে পারে। ICAN কে **1-844-614-8800** নম্বরে ফোন করুন অথবা ican@cssny.org এ ইমেল করুন।

NYC Health



পরিচর্যা ব্যবস্থাপনা

# HARP

**Health and Recovery Plans (হেলথ এন্ড রিকভারি প্ল্যান)**

NYC Health

Bengali